গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.explosives.gov.bd

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০১.১০.০২১.২২/৯১৯৬

তারিখ: ১০/১০/২০২২ খ্রি:
২৫/৬/১৪২৯ বঃ

বিষয়: বিস্ফোরক পরিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকরণ ও অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিস্ফোরক পরিদপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম [১.১] অনুযায়ী বিস্ফোরক পরিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদপূর্বক ওয়েবসাইট (www.explosives.gov.bd) আপলোড করা হয়েছে।

০২। কার্যক্রম [২.২] অনুযায়ী ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ত্রৈমাসিক প্রতিবেদন এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী: বর্ণনানুযায়ী।

১০.১০.২০২২

(মোহা: নায়েব আলী)
প্রধান বিস্ফোরক পরিদর্শক
টেলিফোন: ২২২২২৫২৫৮
ফ্যাক্স: ৯৩৫১৮২১
e-mail: dhaka@explosives.gov.bd

বাহক মারফত

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

H:\এপিএ-২০২২-২০২৩\০৭(৩৭)-অভিযোগ প্রতিকার\৭(৩৭)-মাসিক রিপোর্ট\০৭(৩৭) -Forwarding- doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক পরিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বিস্ফোরক পরিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটির প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২২) প্রতিবেদন।

পরিবীক্ষণ কমিটির কর্মকর্তাগণ:

(১) মনিরা ইয়াসমিন, উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চ.দা.)
(২) মুহাম্মদ মেহেদী ইসলাম খান, সহকারী বিস্ফোরক পরিদর্শক
(৩) সানজিদা আক্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক

বিস্ফোরক পরিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ১৫/৯/২০২২ তারিখে ত্রৈমাসিক পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের স্বার্থে কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটির কার্যপরিধি অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরে প্রতি তিন মাস অন্তর একটি করে ৪টি পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করবে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে। সে পরিপ্রেক্ষিতে ২৬/৯/২০২২ তারিখে একটি সভায় মিলিত হয় এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করে।

২। কমিটির কার্যক্রম:

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ করে গৃহীত সুপারিশ বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যালোচনা করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর কার্যক্রম ১.১ অনুসারে অনিক ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে।

বিভাগীয় কার্যালয়ের স্বতন্ত্র ওয়েবসাইট নেই এ কারণে দপ্তরের তথ্য বাতায়নে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের অনিক কর্মকর্তা ও আপীল কর্মকর্তার তথ্য প্রদান করতে বলেন। তাছাড়া অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নির্দেশিকা অনুসারে নির্দিষ্ট সময়ে নিষ্পন্ন করতে হবে এবং মাসিক প্রতিবেদন ১ম সাপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে।

কমিটি গত তিন মাসে বিস্ফোরক পরিদপ্তরে দাখিলকৃত অনলাইন ও অফলাইনে প্রাপ্ত অভিযোগের বিষয়ে আলোচনা করে। আলোচনায় জানানো হয়, গত তিন মাসে যেসকল অভিযোগ পাওয়া গিয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যেই নিষ্পত্তি করা হয়েছে। বিগত তিন মাসের মধ্যে জুলাই, ২০২২ মাসে ০৩টি, আগস্ট, ২০২২ মাসে ০২টি এবং সেপ্টেম্বর, ২০২২ মাসে ০২টি অভিযোগ পাওয়া গিয়েছে। সবগুলো অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। তিনি আরো বলেন, লক্ষ্যমাত্রা অনুসারে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। তাছাড়াও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। তিনি জানান অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে প্রথম অবহিতকরণ সভা ইতোমধ্যে আয়োজন করা হয়েছে।

০৩। কমিটির মন্তব্য/সুপারিশ

ক্রম	মন্তব্য/সুপারিশ	বাস্তবায়নে
৩.১	বিভাগিয় কার্যালয়ের অনিক কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।
৩.২	জিআরএস নির্দেশিকা অনুসারে নির্দিষ্ট সময়ে অনলাইনে/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করতে হবে;	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।
৩.৩	অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি।

২৬/০৯/২২
সানজিদা আক্তার
সহকারী বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদপ্তর

26.9.22
মুহাম্মদ মেহেদী ইসলাম খান
সহকারী বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদপ্তর

(মনিরা ইয়াসমিন)
উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক, (চ.দা.)
বিস্ফোরক পরিদপ্তর